

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৩০.২০১৭-১৫৮২


তারিখঃ ২৭ জুলাই ২০১৭  
১২ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৬১৬১/২০১৭ বাদী জনাব ইমরান হোসেন তাজ, প্রোপাইটর-সূচী এন্টারপ্রাইজ, পাটগুদাম  
স্বলী বাড়ি রোড, থানা- ময়মনসিংহ সদর, জেলা- ময়মনসিংহ -বনাম-সরকার ও অন্যান্য।

ময়মনসিংহ জেলা পরিষদের ২০১৭-১৮ অর্থ বছরের বাংলাদেশ চীন মৈত্রী সেতু (শম্ভুগঞ্জ) সংলগ্ন পশ্চিম  
প্রান্তের এপ্রোচ রোডের পার্শ্বে নির্মিত পাবলিক টয়লেট এর টেন্ডার কার্যক্রম ও কার্যাদেশ স্থগিতের দাবীতে রীট  
পিটিশন নং-৬১৬১/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত উক্ত আদেশ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে টেন্ডার  
কার্যক্রম বন্ধ করাসহ রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য প্রতিপক্ষগণকে আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে  
মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise  
statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী  
ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে  
জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
২৭.৭.১৭  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
ফোন-৯৫৪০১৯৭

- ১। জেলা প্রশাসক  
ময়মনসিংহ।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ  
ময়মনসিংহ।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (জেলা পরিষদ অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা  
গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।